গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী

# শোক বার্তা

আজ ২১ জুলাই ২০২৫ সোমবার বেলা ১.০৬ টায় বাংলাদেশ বিমান বাহিনীর একটি প্রশিক্ষণ বিমান উড্ডয়নের এক পর্যায়ে রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে বিধ্বস্ত হয় ও ভবনটিতে আগুন ধরে যায়। বিধ্বস্ত হওয়ার সময় ভবনটিতে অনেক শিক্ষার্থী ছিল। এ-দুর্ঘটনার শিকার হয়ে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীসহ অনেকেই আহত ও নিহত হয়। আহত ও নিহতদের অধিকাংশই শিক্ষার্থী।

বিমান দুর্ঘটনায় আকস্মিক মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। মহান আল্লাহপাকের নিকট মরহুমদের বিদেহী আত্মার মাগফিরাত এবং আহত শিক্ষার্থীসহ অন্যান্যদের দ্রুত আরোগ্য কামনা করছি। আহত ও নিহতদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি।

২১.৭.২০২৫

মো. মোস্তাক হাবিব
প্রধান শিক্ষক
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী